পিন্টু, রিমা ও রবি একই ক্লাসে পড়ে। তাদের স্কুলের মাঠে মাঝে মাঝে আবর্জনা পড়ে থাকে। একদিন তারা দেখল অনেক ছাত্রছাত্রী মাঠে চিপসের প্যাকেট ও বোতল ফেলে দিয়েছে। তখন পিন্টু বলল,

"আমরা সবাই মিলে স্কুলটাকে পরিষ্কার রাখব।"

তিনজন মিলে মাঠ পরিষ্কার করল এবং একটি পোস্টার বানাল -

“আমাদের স্কুল, আমাদের দায়িত্ব”।

পরের দিন শিক্ষক তাদের প্রশংসা করলেন এবং সবাইকে পরিচ্ছন্নতা বজায় রাখার পরামর্শ দিলেন। এখন স্কুলের সবাই মিলে প্রতি শুক্রবার মাঠ পরিষ্কার রাখে।

১)মন্তব্য: ছাত্রছাত্রী মাঠে চিপসের প্যাকেট ও বোতল ফেলে দিয়েছে।

কারণ: এর ফলে প্রকৃতির সৌন্দর্য বৃদ্ধি পায় ।

মন্তব্য ঠিক কারণ ভুল/ মন্তব্য,কারণ উভয় ঠিক/ মন্তব্য ভুল কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয় ভুল

২)তারা কেন মাঠ পরিষ্কার করেছিল?

শিক্ষক বলেছিলেন বলে/আবর্জনা ফেলতে/মাঠে ময়লা ছিল বলে/নতুন খেলা শুরু করত

৩)তারা পোস্টারে কী লিখেছিল?

/“আমাদের স্কুল, আমাদের দায়িত্ব”/“খেলা করো, মজা করো” /“সবাই বই পড়ো”/“স্কুলে দেরি করো না”

৪)তাদের কাজ দেখে শিক্ষক কী করেছিলেন?

রাগ করেছিলেন/প্রশংসা করেছিলেন/কিছু বলেননি/শাস্তি দিয়েছিলেন

৫)এখন স্কুলে প্রতি শুক্রবার কী হয়?

খেলাধুলা হয়/মাঠ পরিষ্কার করা হয়/পিকনিক হয়/ছুটি দেওয়া হয়